

Professor Dr. Dilip Kumar Barua
Vice-Chancellor
Kishoreganj University
Temp. Campus, Gurudayal Govt.College,
Kishoreganj-2300, Bangladesh.
Email: vc@kiu.ac.bd
Phone: +8801776865475



অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া
উপাচার্য
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
অস্থায়ী ক্যাম্পাস, গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ-২৩০০, বাংলাদেশ
ইমেইল: vc@kiu.ac.bd
ফোন: +৮৮০১৭৭৬৮৬৫৪৭৫

তারিখ: ২০ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

শোকবার্তা

জুলাই যোদ্ধা ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহিদ শরীফ ওসমান হাদী'র মর্মান্তিক শাহাদাতে কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় পরিবার গভীর শোক ও বেদনা প্রকাশ করছি। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)

ঘাতকের বুলেটে গুরুতর আহত হয়ে দীর্ঘ চিকিৎসা সংগ্রামের পর সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে শহিদ শরীফ ওসমান হাদী'র মৃত্যু জাতির জন্য এক গভীর ক্ষতি। এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়; বরং গণতন্ত্র, ইনসাফ ও মানুষের অধিকারের পক্ষে দাঁড়ানো এক সাহসী ও সচেতন কণ্ঠস্বরকে চিরতরে স্তব্ধ করে দেওয়ার নৃশংস ও পরিকল্পিত হত্যাকাণ্ড।

শহিদ শরীফ ওসমান হাদী ছিলেন জুলাই গণঅভ্যুত্থানের একজন অগ্রসেনানী এবং অন্যায়, অবিচার ও আধিপত্যবাদের বিরুদ্ধে আপসহীন এক প্রতিবাদী কণ্ঠ। গণতান্ত্রিক মূল্যবোধ সংরক্ষণ, নাগরিক অধিকার রক্ষা এবং জাতীয় স্বার্থে তাঁর দৃঢ় ও নিষ্ঠুরিক অবস্থান তরুণ সমাজের জন্য অনুপ্রেরণার দৃষ্টান্ত হয়ে থাকবে। তাঁর আত্মত্যাগ আমাদের বিবেককে নাড়া দেয় এবং রাষ্ট্র ও সমাজের দায়িত্ববোধকে আরও গভীরভাবে স্মরণ করিয়ে দেয়।

আমরা এই নৃশংস হত্যাকাণ্ডের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি সুস্পষ্ট ও জোরালো দাবি জানাচ্ছি— এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত সকল অপরাধী ও নেপথ্যের ষড়যন্ত্রকারীদের দ্রুত শনাক্ত করে নিরপেক্ষ ও স্বচ্ছ তদন্তের মাধ্যমে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। বিচারহীনতার সংস্কৃতি অব্যাহত থাকলে তা রাষ্ট্রের স্থিতিশীলতা, জনগণের নিরাপত্তা এবং গণতান্ত্রিক চর্চার জন্য গুরুতর হুমকি হয়ে দাঁড়াবে।

আমরা কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে শহিদ শরীফ ওসমান হাদী'র বিদেহী আত্মার চিরশান্তি কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার-পরিজন, স্বজন ও সহযোগীদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

ইনসাফভিত্তিক, গণতান্ত্রিক ও বৈষম্যহীন বাংলাদেশ গড়ার সংগ্রামে শহিদ শরীফ ওসমান হাদী'র এই আত্মত্যাগ নিশ্চয়ই আমাদের বিবেককে করবে জাগ্রত, সাহসকে করবে দৃঢ় এবং সত্য ও ন্যায়ের পথে অবিচল থাকার প্রেরণা হয়ে চিরদিন থাকবে দেদীপ্যমান।

Loma

অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া
উপাচার্য
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়
কিশোরগঞ্জ-২৩০০, বাংলাদেশ